যুগান্তর

তারিখ 13 FEB 2005
পৃষ্ঠা … কলাম …

# সহকারী শিক্ষক নিয়োগে হাইকোর্টের রুল জারি

যুগান্তর রিপোর্ট

হাইকোর্ট সহকারী শিক্ষক নিয়োগের আদেশ বাতিল করে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সংরক্ষিত শতকরা ৩০ ভাগ কোটা অনুসরণের মাধ্যমে নতুন করে সহকারি শিক্ষক পদে নিয়োগ দেয়ার জন্য সরকারের প্রতি রুল জারি করেছে। সরকারের পক্ষে শিক্ষা সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক, শিক্ষা ভবনের পরিচালক এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের কুমিল্লা অঞ্চলের উপ-পরিচালককে এই রুলের জবাব দেয়ার জন্য কোর্ট নির্দেশ দিয়েছে।

বিচারপতি জয়নুল আবেদীন ও বিচারপতি মিফতাহ উদ্দীন চৌধুরীর সমন্বয়ে গঠিত হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ শনিবার এই আদেশ প্রদান করেন। কুমিল্লার মুক্তিযোদ্ধার সন্তান খবিরউদ্দিনের আবেদনের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট এই রায় প্রদান করেছেন। আবেদনকারীর পক্ষের কৌঁসুলি ছিলেন অ্যাডভোকেট ইদ্রিসুর রহমান। রিট আবেদনে বলা হয়, ২০০৩ সালের ১২ সেপ্টেম্বর সরকারি মাধ্যমিক উচ্চ বিদ্যালয়ে ৬০০ সহকারী শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি দেয়া হয়। ওই বিজ্ঞপ্তিতে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সংরক্ষিত শতকরা ৩০ ভাগ কোটা রয়েছে বলে উল্লেখ করা হয়। এই বিজ্ঞপ্তি অনুযায়ী কুমিল্লার মুক্তিযোদ্ধার সন্তান খবিরউদ্দিন ওই পদে চাকরি পাওয়ার জন্য আবেদন করেন। পরবর্তী সময়ে লিখিত ও মৌখিক পরীক্ষায় খবিরউদ্দিন উত্তীর্ণ হলেও চূড়ান্ত ফলাফলে দেখা যায় তার নাম নেই। কুমিল্লা শিক্ষা অফিসে খোঁজ নিয়ে তিনি জানতে পারেন, মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সংরক্ষিত কোটা না মানার কারণেই তার চাকরি হয়নি। এ কারণে বাধ্য হয়ে খবিরউদ্দিন ওই ফলাফল বাতিল করে তাকে নিয়োগ দানের জন্য হাইকোর্টে রিট পিটিশন দায়ের করেন।